

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ আখতারুজ্জামান, ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার তারিখ ও সময় : ১৬/১১/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্য ১৬/১১/২০২২ খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা পরিষদের ডাইস চেয়ারম্যান, জনাব মোঃ আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর
০২	মাদক নিরোধ	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক অফিসার, জামালপুর সদর সভাকে মাদকের ভয়াবহতা সম্পর্কে আলোচনা করেন।	মাদক সংক্রান্ত কমিটিসমূহ সক্রিয় করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর ও প্রতিষ্ঠান প্রধান সকল
০৩	শ্রেণি শিক্ষকদের প্রশিক্ষণ	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক অফিসার, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলার মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার শ্রেণি শিক্ষকগণের নতুন কারিকুলাম এর প্রশিক্ষণ প্রয়োজন।	প্রশিক্ষণের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুজ্জামান)

ডাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি  
জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং-ইউএসইও/জাস/২২/৪২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।

(মোহাম্মদ ছানোয়ার হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি  
জামালপুর সদর, জামালপুর।

তারিখ : ১৬/১১/২০২২ খ্রিঃ

পরিশিষ্ট “ক”

১৬/১১/২০২২ খ্রি: তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী
০১	জনাব মোঃ আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি
০২	চেয়ারম্যান, ১৪ নং দিগপাইত ইউনিয়ন পরিষদ	সদস্য
০৩	চেয়ারম্যান, ১২ নং তিতপল্লা ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	চেয়ারম্যান, ০৩ নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জামালপুর সদর	সদস্য সচিব